R. N. No. 2532/57 Ph. : 66228 (P.), 67228 (Resi.)/STD 03483 P. Regd. No. Tech./WB/RNP 214/2002

মার্বেল সেণ্টার
প্রযত্নে—উল ভাণ্ডার
রঘুনাথগঞ্জ ফুলতলা
( রাজা মার্কেট )
মার্বেল, গ্লেজ্‌ড টালি, কাঁচ,
প্লাই, পাম্প, মোটর, পাইপ ও
SINTEX দরজা সরবরাহকারী
ফোন : ৬৬৩৯৯

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
Jangipur Sambad, Raghunathganj, Murshidabad (W. B)
প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )
প্রথম প্রকাশ : ১৯১৪

জঙ্গীপুর আরবান কো-অপঃ
ক্রেডিট সোসাইটি লিঃ
রেজি নং—১২ / ১৯৯৬-৯৭
( মুর্শিদাবাদ জেলা সেণ্ট্রাল
কো-অপারেটিভ ব্যাঙ্ক
অনুমোদিত )
ফোন : ৬৬৫৬০
রঘুনাথগঞ্জ ।। মুর্শিদাবাদ

৮৯শ বর্ষ
১৫শ সংখ্যা
রঘুনাথগঞ্জ ১১ই ভাদ্র, বুধবার, ১৪০৯ সাল।
২৮শে আগষ্ট, ২০০২ সাল।
নগদ মূল্য : ১ টাকা
বার্ষিক : ৫০ টাকা

## জঙ্গিপুর পুরসভার আয় বাড়াতে সবুজ দ্বীপের মতো ভর্তুকিতে চলা কয়েকটি সংস্থা লীজের চিন্তা ভাবনা চলছে

বিশেষ সংবাদদাতা : রাজ্য সরকার পুরসভাকে আর উন্নয়নে টাকা দেবে না। তাই স্থায়ী-অস্থায়ী সব কর্মীদের বেতনের বোঝাও পুরসভাকেই বইতে হবে। পুরসভাগুলিকে তার এলাকায় একদিকে ভর্তুকিতে চলা সংস্থাকে বন্ধ করে বা লীজ দিয়ে এবং পাশাপাশি বিভিন্নভাবে কর আদায় করে ও নিজস্ব সম্পদকে কাজে লাগিয়ে আয় বাড়াতে হবে। সম্প্রতি পুরমন্ত্রী অশোক ভট্টাচার্য্য অন্যান্য পুরসভার সঙ্গে জঙ্গিপুর পুরসভাকেও সে সতর্কতা জারী করায় পুরপতি মৃগাঙ্ক ভট্টাচার্য্যকে খুঁজতে হচ্ছে আয়ের বিভিন্ন পথ। এক সাক্ষাতকারে পুরপতি জানান, সরকার আমাদের স্বয়ংসম্পূর্ণ হবার নির্দেশ পাঠিয়েছে। আমরা পুরসভার আয় বাড়িয়ে সরকারের কাছে চাপ দিয়ে যে টাকা উন্নয়নে এতদিন পেতাম তা বন্ধ হয়ে যাচ্ছে। তাই পুরসভা নিজস্ব সম্পদকে ব্যবহার করে, বিভিন্ন খাতে ভর্তুকি তুলে দিয়ে এবং সর্বোপরি ট্যাক্স সংগ্রহ আরও বাড়িয়ে সেই ঘাটতি পূরণের চেষ্টা করবে। সে ব্যাপারে প্রতি বছর বিশাল ভর্তুকিতে চলা সুভাষ দ্বীপের উপরই প্রথম কোপ পড়বে বলে জানা যায়। পুরপতি জানান, দ্বীপের ৮ জন অস্থায়ী কর্মীকে বছরভর বেতন দিয়ে, দ্বীপের রক্ষণাবেক্ষণে কিছু ব্যয় করে শীতের সময় মাত্র দু' তিন মাস পর্যটকদের ভীড়ে যা আয় হয় তাতে পুরসভার লোকসান হচ্ছে। বছরে দ্বীপে খরচ প্রায় দেড় লক্ষ টাকা। সে তুলনায় আয় বাবদ ( শেষ পৃষ্ঠায় )

## গরু পাচারকারীদের ট্রাকে পিষ্ট ছাত্রের মৃত্যুতে বিক্ষুব্ধ জনতার সঙ্গে পুলিশের খণ্ডযুদ্ধ

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি থানার ব্রাহ্মণীগ্রাম দুর্গা মন্দিরের কাছে গত ২৪ আগষ্ট দুপুরে গরু পাচারকারীদের ট্রাকে চাপা পড়ে এক স্কুল ছাত্রের মৃত্যু হয়। রতনপুর থেকে সাগরদীঘি থানায় ফোন করলে পুলিশ গাড়ীর অজুহাত দেখিয়ে ঘটনাস্থলে আসতে অনেক দেরী করে বলে খবর। পরে দুটি জীপ নিয়ে পুলিশ ঘটনাস্থলে এলে উত্তেজিত জনতা পুলিশের উপর চড়াও হয়। জনতার ইটের ঘায়ে কয়েকজন পুলিশ নাকি জখম হয়। জনতার হাতে পুলিশের দুটি গাড়ী ক্ষতিগ্রস্ত হয়। উত্তেজিত জনতাকে সামলাতে পুলিশ দু' রাউণ্ড গুলি চালায়। পুলিশের লাঠির আঘাতেও কয়েকজন গ্রামবাসী আহত হয় বলে খবর। পরে পুলিশ ছাত্রের মৃতদেহ ও ট্রাকের ড্রাইভারকে গ্রেপ্তার করে ট্রাকটি থানায় নিয়ে যায়। জানা যায় মেঘাশিয়ারা হাইস্কুলের সপ্তম শ্রেণীর ছাত্র রতনপুরের দীনেশ দাস সাইকেলে ( শেষ পৃষ্ঠায় )

## সাধারণ শিক্ষিতরা আর কলেজ প্রেসিডেণ্ট থাকছেন না

নিজস্ব সংবাদদাতা : ইউনিভারসিটি গ্র্যাণ্ট কমিশনের ( ইউ, জি, সি ) এক গাইডলাইন অনুযায়ী গভঃ স্পনসর্ড কলেজে ম্যানেজিং কমিটির প্রেসিডেণ্ট পদে আই, এ, এস অফিসার, প্রাক্তন অধ্যক্ষ বা প্রবীণ অধ্যাপকরাই প্রাধান্য পাবেন বলে জানানো হয়েছে। এই প্রসঙ্গে জঙ্গিপুর কলেজের বর্তমান প্রেসিডেণ্ট মৃগাঙ্ক ভট্টাচার্য্যকে প্রশ্ন করা হলে উনি সরাসরি জানান—এ রকম কোন নির্দেশের ব্যাপারে আমি ওয়াকিবহাল নই। গভঃ বডির সদস্যরা শিক্ষানুরাগী হিসাবে আমাকে নির্বাচিত করেছেন ও এই পদের ( শেষ পৃষ্ঠায় )

## বোমা বাঁধতে গিয়ে কংগ্রেস কর্মীর মর্মান্তিক মৃত্যু

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি থানার ফুলশহরী গ্রামের জনৈক কংগ্রেস কর্মী সাদেকুল ইসলাম গত ২৩ আগষ্ট বোমা বাঁধতে গিয়ে বিস্ফোরণে তার দুটো হাতই দেহ থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। সঙ্গীরা তাকে গ্রাম্য ডাক্তারের কাছে নিয়ে যাবার পথে সাদেকুল মারা যায়। বেগতিক দেখে সাদেকুলের রক্তাক্ত মৃতদেহ জিনদীঘি গ্রামের এক পুকুরের ধারে ফেলে রেখে সঙ্গীরা গা ঢাকা দেয়। পুলিশ খবর পেয়ে মৃতদেহ উদ্ধার করে। গ্রাম ( শেষ পৃষ্ঠায় )

বিশেষ আকর্ষণ— ৪০০ থেকে ৭০০ টাকায় মুর্শিদাবাদ সিল্ক শাড়ী



মির্জাপুরের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান নিরঞ্জয় বাঘিড়া এণ্ড সন

( নিরঞ্জয় বাঘিড়া প্রথম ঘর ) (প্রোঃ নিরঞ্জয় বাঘিড়া

সব রকমের সিল্ক শাড়ী, কাঁথাষ্টিচ, তসর ও কোড়া থান, কোরিয়াল, জামদানী, জোড় এবং ব্যাঙ্গালোরের মোহিনী বর্ডার শাড়ী পাইকারী দরেই খুচরো বিক্রী করা হয়। এছাড়া ১৭৫ থেকে ২০০ টাকার মধ্যে নানা ডিজাইনের চুড়িদার পাওয়া যাচ্ছে। পরীক্ষা প্রার্থনীয়।

মির্জাপুর, পোঃ গনকর ( মুর্শিদাবাদ ) ফোন : এসটিডি ০৩৪৮৩ / ৬২১২৯

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১১ই ভাদ্র বুধবার, ১৪০৯ সাল।


## ॥ "....ত্যজতি পণ্ডিতঃ' ? ॥

পশ্চিমবঙ্গে এখন সরকার তথা সি পি এম দলের আতংক-ইস্যু আই এস আই জঙ্গী নয়; পূর্বরেল বিভাজনও নয়। কে এল ও জঙ্গীদের হামলাই সকলকে দুশ্চিন্তাগ্রস্ত করিয়াছে। অতি সম্প্রতি ধূপগুড়িতে যে জঙ্গী হানা হয়, তাহাতে পাঁচজন সি পি এম কর্মী নিহত হন; আহতেরা চিকিৎসাধীন আছেন।

মনে করা হইতেছে যে, কামতাপুরী জঙ্গীরা এই হামলা চালাইয়াছে। উত্তরবঙ্গের জলপাইগুড়ি, কোচবিহার ও দার্জিলিং —এই তিন জেলায় নাকি কে এল ও জঙ্গী হামলা বেশী হইবে এইরূপ আশংকা করা হইতেছে। কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র দপ্তরে গোপন রিপোর্টে বলা হইয়াছে যে, পৃথক কামতাপুর রাজ্যের দাবীতে জঙ্গী হামলা শুরু হইয়াছে এবং এই দাবী পূরণে কেন্দ্রীয় সরকার অনীহা প্রদর্শন করিলে আন্দোলন তথা জঙ্গী হামলা আরও তীব্র হইবে। কে এল ও জঙ্গীরা ভুটানের কালিখোলায় বিভিন্ন স্থানে প্রশিক্ষণ লইয়া পশ্চিমবঙ্গে তাহাদের অপারেশানের কাজে নামিয়া পড়িয়াছে। তাহারা নানা স্থানে ছড়াইয়া পড়িতেছে।

মিজোরাম, নাগাল্যান্ড, ত্রিপুরা, মণিপুর প্রভৃতি স্থানের বৈরী জঙ্গীরা ভারত-বিরোধী ক্রিয়াকলাপে নিযুক্ত আছে। তাহারা সুযোগমত নরহত্যা চালায়, দেশের সম্পদ বিনষ্ট করে ও সরকারকে ব্যতিব্যস্ত করিতে থাকে। সুবিধামত লক্ষ্য পূরণের জন্য আই এস আই-এর নিকট হইতে হয়ত সহায়তা প্রাপ্তও হইয়া থাকে। জঙ্গী প্রশিক্ষণ, অস্ত্রাদি লাভ ইত্যাদি বিষয়ে তাহারা আই এস আই-এর যথেষ্ট সহযোগিতা নিশ্চিতভাবেই পাইতে পারে। প্রয়োজনে সন্নিহিত প্রতিবেশী রাষ্ট্রগুলিতে আত্মগোপন অতি সহজেই করা চলে। কে এল ও-রাও এই সুবাদে উহাদের সহিত স্বচ্ছন্দে হাত মিলাইতে পারে। পাকিস্তান আই এস আই মারফৎ ভারতবৈরী জঙ্গীদের সহিত হাত মিলাইয়া ভারতকে ক্রমশঃ দুর্বল করিতে সচেষ্ট রহিবে, তাহাতে সন্দেহ নাই। তবে পৃথক কামতাপুর রাজ্যের দাবী কেন্দ্রীয় সরকার মানিয়া লইবে কিনা, জানা নাই।

কিন্তু দেশের অভ্যন্তরে ও বাহিরে যে সব শত্রু ভারতকে আঘাতের পর আঘাত হানিতে তৎপর হইয়া উঠিয়াছে, তাহার যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ তথা প্রতিকার সরকার করিতে পারিতেছে না কেন, এই বিষয়ে অনেকেই চিন্তিত। তবে কি গোয়েন্দা-সংস্থা ঠিকমত কাজ করিতেছে না? নাকি কেন্দ্রীয় সরকার পৃথক রাজ্যগঠনের দাবী "সর্বনাশে সমুৎপন্নে.....।" -নীতিতে মানিয়া লইতে থাকিবে? দেশের ভিতরে-বাহিরে সুরক্ষা বিধান ত্রুটিপূর্ণ হইলে অবস্থা কী দাঁড়াইবে, বুঝিতে হইবে। জম্মু-কাশ্মীর বিষয়ে সরকারী দৃঢ়তা একান্ত বাঞ্ছনীয়।




কোন্ 'পুর' মানুষকে এ রাজ্যে আতঙ্কিত করে তুলেছে? —জিজ্ঞাসা।

—'কামতপুর'।

*　　*　　*

কোচবিহার, দার্জিলিং, জলপাইগুড়িতে জঙ্গীহামলার কথা লোকমুখে প্রচারিত হচ্ছে:—

—'কে এলো?' উত্তর—'কে এল ও'। 'কে এ, লো?' অর্থাৎ এ কে, গো? উত্তর—'জঙ্গী,' এ কে—৪৭ বা ৫৬ যাদের সঙ্গী!

*　　*　　*

শচীন-সৌরভরা আই সি সি-র শর্তে সই দিতে নারাজ। —খবর।

—রাহুল-শচীন-সৌরভ,—এঁরাই দেশের গৌরব।

*　　*　　*

পারভেজ মোশারফ পাক-প্রশিক্ষিত জঙ্গীদের ভারতে অনুপ্রবেশ ও হামলা এবং ওসামাবিন লাদেনের পাকিস্তানে থাকার কথা নাকি এখন অস্বীকার করছেন না। —জানা গেল।

—টু ঈট্ হাম্বল্ পাই!

*　　*　　*

অনির্দিষ্ট কালের জন্য প্রেসিডেন্সী কলেজ বন্ধ। —খবরে প্রকাশ।

—শিক্ষার নিকুচি চাই না?

*　　*　　*

পশ্চিমবঙ্গ সরকারের নাকি অর্থাভাব?

—দূর্! এ সব প্রচার। একমাত্র এই রাজ্যেই লক্ষ্মীপুজো হয়। অর্থাভাব হতে পারে? বেমক্কা অর্থবন্টনে অভাব ত বুদ্ধির দোষে।

## ফরাক্কা এনটিপিসিতে স্বাধীনতা দিবস উদ্‌যাগন

বিশেষ সংবাদদাতা : গত ১৫ আগষ্ট দেশের অন্যান্য অংশের মত ফরাক্কা তাপ-বিদ্যুৎ কেন্দ্রের কর্মীবৃন্দ এবং অধীবাসীরা স্বাধীনতা দিবস পালন করেন। পূবারুণের নেতাজী আউটডোর ষ্টেডিয়ামে ঐদিন সকালে আয়োজিত অনুষ্ঠানে পতাকা উত্তোলন এবং সি আই এস এফ জওয়ানদের ও টাউনসিপের তিনটি বিদ্যালয়ের ছাত্রদের অভিবাদন গ্রহণ করেন ঐ কেন্দ্রের জেনারেল ম্যানেজার এস, বি অগরওয়াল। তিনি এক বর্ণাঢ্য অনুষ্ঠানে ভাষণ প্রসঙ্গে স্বাধীনতা যুদ্ধে উৎসর্গিত প্রাণ শহীদদের উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেন এবং বিদ্যুৎ উৎপাদনে ফরাক্কার সাফল্যের কথা তুলে ধরেন। ক্রীড়ানুষ্ঠানে সকল প্রতিযোগিদের পুরস্কৃত করা হয়। এ ছাড়াও ৩১ জন কর্মীকে তাঁদের উল্লেখযোগ্য কৃতিত্বের জন্য মেধা পুরস্কার এবং তিনটি বিদ্যালয়ের আট জন কৃতী ছাত্রকে ক্যাশ আওয়ার্ড দিয়ে সম্বর্ধিত করা হয়। প্রশাসনিক ভবনে অতিরিক্ত জেনারেল ম্যানেজার পি, কে, অগরওয়াল পতাকা তোলেন এবং অনুষ্ঠান শেষে উপস্থিতদের মধ্যে মিষ্টান্ন বিতরণ করা হয়।

## রাস্তায় আলো না থাকায় এলাকা অন্ধকারে

নিজস্ব সংবাদদাতা : গত দু' সপ্তাহ যাবত জঙ্গীপুর পুর এলাকার পাঁচ নম্বর ওয়ার্ডের বাবুবাজারের বিস্তীর্ণ অঞ্চলে রাস্তার আলো জ্বলে না। আবেদনে পুরসভা বলছে, কেন জ্বলছে না ওয়ার্ড কমিটি জানে, কাউন্সিলর জানে। ওয়ার্ড কমিটির কর্মকর্তাদের অনেকেরই বাস আলোবিহীন এলাকায়। তাঁরা কাকে বলতে হবে জানেন না। আর বিদ্যুৎ বিভাগের কথা—রাস্তার আলোর ব্যাপারে কোন রিপোর্ট আমাদের কাছে নাই, রিপোর্ট এলেই ব্যবস্থা হবে। এমনিতেই বৃষ্টি আর অন্ধকারে জনজীবন বিপর্যস্ত। তার উপর সাপ পোকামাকরের উপদ্রব আছে। সামনে অন্ধকার পক্ষ, এলাকায় অনেক দোকান। তাই পুজোর আগে নিরাপত্তার অভাব সবার মনে।

### *পুরপতিকে যুব কংগ্রেসের ডেপুটেশন*

নিজস্ব সংবাদদাতা : ধুলিয়ানের পুরপতিকে গত ২০ আগষ্ট বিকেলে স্থানীয় যুব কংগ্রেসের পক্ষ থেকে ডেপুটেশন দেয়া হয়। ডেপুটেশনের প্রধান বিষয় ছিল ধুলিয়ান পুর এলাকাকে পরিস্কার পরিচ্ছন্ন রেখে পুরবাসীদের জীবনে স্বাচ্ছন্দ্য আনা, বন্ধ হয়ে থাকা উন্নয়নমূলক কাজকর্ম চালু করা।

## সাঁতারে প্রথম সেই জগন্নাথ সাহা

নিজস্ব সংবাদদাতা : বিশ্বের দীর্ঘতম সন্তরণ প্রতিযোগিতায় এবারও প্রথম হলেন গত পাঁচ বারের প্রথম স্থানাধিকারী বহরমপুরের ছেলে ত্রিপুরা পুলিশের কর্মী জগন্নাথ সাহা। গত ২৫ আগষ্ট আহিরণ ব্যারেজ ঘাট থেকে এই প্রতিযোগিতা শুরু হয়ে বহরমপুর কলেজ ঘাটে শেষ হয়। দ্বিতীয় ও তৃতীয় হন বসির খাঁন ও সুবীর সরকার। উল্লেখ্য, এবার ৮১ কিমি সাঁতারে অংশগ্রহণকারীদের সম্বর্দ্ধনা দেওয়া হয় রঘুনাথগঞ্জ সদরঘাটে গত ২৪ আগষ্ট সন্ধ্যায়। সেখানে উল্লেখযোগ্যদের মধ্যে উপস্থিত ছিলেন রেলের আই জি পি, এস আর দাস।


## বিক্রয়

মুর্শিদাবাদ জেলার সাগরদিঘী থানার অন্তর্গত মৌজা মোরগ্রাম ও ডুমাইপুর এর কিছু চাষের জমি ও পুকুরের অংশ বিক্রয় করা হইবে। যোগাযোগের ঠিকানা :—

শ্রীশক্তিচন্দ্র ব্যানার্জ্জী, পোঃ + গ্রাম গোকর্ণ, জেলা মুর্শিদাবাদ

ফোন নং : ( ০৩৪৮৪ ) ৭৭-০৬৮।

## রাজা মার্কেটে ঘর ভাড়া

রঘুনাথগঞ্জ ফুলতলার রাজা মার্কেট-এ একতলা ও দোতলার ঘরগুলো ব্যবসার জন্য ভাড়া দেওয়া হবে। যোগাযোগ করুন—

ফোন : ( ০৩৪৮৩ ) ৬৬৫৬৩

সকাল ৯টা—১২টা, বিকেল ৪টা—৭টা

সরাসরি যোগাযোগ—মডার্ণ হোমিও সেন্টার

রাজা মার্কেট ( দোতলা )


## অভিভাবক নিযুক্ত ও অন্যান্য দাবীদারগণের প্রতি
## নোটিশ

জেলা মুর্শিদাবাদ, বহরমপুর জেলা জজ আদালত

মোঃ নং ৬৫/২০০০ G. Slip

দরখাস্তকারী : জেলেখা বিবি, স্বামী মৃত জসিমুদ্দিন

পোঃ + সাং রঘুনাথপুর, থানা সুতী, জেলা মুর্শিদাবাদ।

এতদ্দ্বারা জানানো যাইতেছে যে, উপরোক্ত মোকদ্দমার দরখাস্তকারী নাবালক বদর, রমজান উভয় পিতা মৃত জসিমুদ্দিন সাং রঘুনাথপুর, থানা সুতী, জেলা মুর্শিদাবাদ এর শরীর ও সম্পত্তির গার্জেন তথা অভিভাবক নিযুক্ত হওয়ার জন্য Petition w/s 350 of the Mahamadan Law read with Section 7 & 25 of the Guardianship and Wards Act বিধান মতে দরখাস্ত করিয়াছেন। ইহাতে কাহারো কোন আপত্তি থাকিলে এই বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে হাজির হইয়া আপত্তি দাখিল করিবেন। অন্যথায় একতরফা শুনানী হইবে।

আদালতের আদেশানুসারে

৯/৭/০২ শ্রীপার্থসারথি দাস, Sheristadar

District Judge's Court, Murshidabad


সকল প্রকার ইন্সুরেন্স এর জন্য :—

## লাইফ ও জেনারেল ইনসুরেন্স

কম্পোজিট এজেন্ট IRDA License No. 474245

কিশোরকান্তি দাস, রঘুনাথগঞ্জ পাকুড়তলা

টেলি নং : ৬৬২৮৭


एनटीपीसी NTPC

## National Thermal Power Corporation Limited

( A Government of India Enterprise )

**Farakka Super Thermal Power Station**

### NOTICE INVITING TENDERS

( Domestic Competitive Bidding )

Dated :

NIT No. : T-16/8267 & T-01/8335

NTPC invited sealed tenders from eligible bidders for following works -

| Sl. | Package No. | Scope of work | Last date of receipt of request for issue of tender documents |
|---|---|---|---|
| 01 | 16/8267 | Rate contract for Miscellaneous area maintenance work of Stage-I Offsite and DM Plant Stage-II at NTPC Farakka. | 10. 09. 2002 |
| 02 | 01/8335 | Raising of Nishindra Ash Dyke Lagoon-I 2nd raising and Lagoon-II 1st raising of Stage-II at NTPC-Farakka. | 10. 09. 2002 |

Qualifying requirement, provision on Purchase preference, if any, and other conditions are elaborated in detailed NIT.

For detailed NIT, please visit at www.ntpc.co.in or www.ntpcindia.com or may contact Sr. Manager (CS) on Fax No. 03512-26085/Ph. No. 03512-26221

The detailed NIT may also be available at www.tendernotices.net or www.tendercircle.com or www.all-tender.com or www.ieema.org or www.tenderhome.com

(Bidders are advised to regularly visit NTPC's WEB sites for Tender Notices).

ADDRESS FOR COMMUNICATION :

Sr. Manager (Contracts)
National Thermal Power Corporation Ltd.
Farakka Super Thermal Power Station.
P. O. Nabarun, PIN. 742 236, Dist. Murshidabad, West Bengal (INDIA)

### এলাকার সন্ত্রাস সৃষ্টির বিরুদ্ধে কংগ্রেসের ডেপুটেশন

নিজস্ব সংবাদদাতা : রঘুনাথগঞ্জ ১ ও ২ ব্লক কংগ্রেস কমিটি এলাকায় সি পি এমের সন্ত্রাস সৃষ্টি ও কংগ্রেস সমর্থকদের মারধোরের প্রতিবাদে গত ২০ আগষ্ট রঘুনাথগঞ্জ থানায় এক ডেপুটেশন দেয়। গিরিয়া, মিঠিপুর, মির্জাপুরের পশই প্রভৃতি এলাকায় সিপিএম মদতপুষ্ট সমাজবিরোধীরা কংগ্রেস সমর্থকদের ভয় দেখিয়ে ঘরছাড়া করছে, চাষাবাদ করতে দিচ্ছে না ইত্যাদি অভিযোগ আনে।

### ইউ টি ইউ সির শ্রমিক কনভেনশন

নিজস্ব সংবাদদাতা : গত ২৩ আগষ্ট ধুলিয়ান পৌর লজে ইউ টি ইউ সির ডাকে শ্রমিক কনভেনশন অনুষ্ঠিত হয়। জেলা সভাপতি লালগোপাল চৌধুরী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। ভাঙন প্রতিরোধ, বিড়ি শ্রমিকদের ন্যূনতম মজুরী, বোনাস, পরিচয়পত্র ছাড়াও কেন্দ্রীয় সরকারের শ্রমিক বিরোধী ও জন বিরোধী নীতি নিয়ে কনভেনশনে বিস্তারিত আলোচনা হয়। ১৬ জনের কমিটিতে রৌশন আলী সভাপতি ও নন্দলাল সরকার সম্পাদক নির্বাচিত হন।

### ব্লক কৃষক সভার প্রকাশ্য সম্মেলন

নিজস্ব সংবাদদাতা ঃ গত ২৬ আগষ্ট সাগরদীঘির হড়হড়ি হাই স্কুলে স্থানীয় ব্লক কৃষক সভার প্রকাশ্য সম্মেলন অনুষ্ঠিত হয়। পতাকা উত্তোলন করে অনুষ্ঠানের সূচনা করেন নবগ্রাম জোনাল কমিটির সম্পাদক আইজুদ্দিন সেখ। সম্মেলনে ১৫৬ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। সাম্প্রতিক রাজনীতি ও বিভিন্ন প্রস্তাব নিয়ে ১১ জন প্রতিনিধি সম্মেলনে বক্তব্য রাখেন। আগামী দিনে বিভিন্ন আন্দোলন ও কর্মসূচীকে সামনে রেখে বক্তব্য রাখেন জঙ্গিপুর জোনাল কমিটির সম্পাদক মৃগাঙ্ক ভট্টাচার্য্য।

### সংস্থা লীজের চিন্তা ভাবনা চলছে ( ১ম পৃষ্ঠার পর )

অর্দ্ধেক টাকাও আসে না। তবে দ্বীপে জেলা পরিষদেরও টাকা থাকায় লীজ দেবার আগে তাদেরও মতামত নিতে হবে। মৃগাঙ্ক বলেন, দ্বীপ লীজ দেবার আগে প্রথমে কর্মরত ৮ জন কর্মীর সাথে কথা বলবো। তারা আমাদের শর্তে রাজী না হলে বাইরের কাউকে ডাকবো। তবে এ ব্যাপারে চূড়ান্ত কোন কথাবার্তা হয়নি, প্রাথমিক আলোচনা হয়েছে মাত্র। তাই কাউকে না জানিয়ে দ্বীপকে লীজ দিচ্ছি বলে কংগ্রেসী কমিশনাররা গত ৮ আগষ্ট যে ডেপুটেশন আমাকে দিয়েছে তার কোন ভিত্তি নাই। কংগ্রেসীরা কোথা থেকে কি শুনে দ্বীপের আয়ের চল্লিশ শতাংশ পুরসভা পাবে, ষাট শতাংশ কর্মীরা পাবে বলে যে ডেপুটেশন দিয়েছে আমি তার কোন অর্থ খুঁজে পাইনি। এছাড়া পুরসভার ফেরী-ঘাট ডাকের আয় প্রচুর কমে যাওয়ায় সে ঘাটতি পূরণ করতে শহরে দোকান বাড়ীর ট্যাক্স সংগ্রহ ৮০-৯০ শতাংশ বাড়াতে, নতুন নতুন ক্ষেত্রে ট্যাক্স বসিয়ে ( যেমন জল কর ) পুরসভা আয় বাড়াবে। বর্তমানে পুরসভার আয় বলতে পুরলজ, টোল ট্যাক্স, মার্কেট কমপ্লেক্স, বাসষ্ট্যান্ড ইত্যাদি। তবে রঘুনাথগঞ্জ বাসষ্ট্যান্ড থেকে পুরসভার আয় হলেও জঙ্গিপুর থেকে কিছুই হয় না। এব্যাপারে পুরপতি বলেন, জঙ্গিপুরে দিনে ১০-১২টা বাস চলে। ওটা বহরমপুর বাস মালিক সমিতি লীজ নেবে বলে প্রাথমিকভাবে ঠিক হয়েছে। নবনির্মিত ভাগীরথী সেতুতেও ট্যাক্স বসাতে পুরসভা পি ডব্লু ডিকে আবেদন জানিয়েছে বলে পুরপতি জানান। মৃগাঙ্ক আরও বলেন, পানীয় জল, বিদ্যুৎ, বিভিন্ন পরিষেবা-মূলক কাজে পুরসভা যে ভর্তুকি দেয় তা আস্তে আস্তে তুলে নিয়ে আয় না বাড়ালে ভবিষ্যতে পুরসভা আর্থিক ঘাটতিতে পড়ে যাবে। এমতাবস্থায় রঘুনাথগঞ্জে কি আর জঙ্গিপুরের পরিশ্রুত পানীয় জল সরবরাহ করা যাবে? প্রশ্নের উত্তরে পুরপতি বলেন, সবই প্রসেসিং-এর মধ্যে আছে।

### জনতার সঙ্গে পুলিশের খণ্ডযুদ্ধ ( ১ম পৃষ্ঠার পর )

বাড়ী ফেরার পথে ব্রাহ্মণীগ্রাম দুর্গা মন্দিরের কাছে গরু ভর্তি একটি ট্রাক দীনেশকে পেছন থেকে ধাক্কা মারলে ঘটনাস্থলে তার মৃত্যু হয়। এই প্রসঙ্গে আরো জানা যায়, লোহাপুর হাট মালিকের সঙ্গে সাগরদীঘি পুলিশের চুক্তি মতো এই রাস্তা দিয়ে নিয়মিত ট্রাক ট্রাক গরু-মোষ বাংলাদেশ পাচার হয়। ভারী পরিবহনে রাস্তার অবস্থা দিনের দিন বেহাল হয়ে পড়ে। এই কারণে পুলিশের উপর গ্রামবাসীদের একটা চাপা ক্ষোভ ছিলই, দীনেশের মৃত্যু তারই বহিঃপ্রকাশ বলে কেউ কেউ মন্তব্য করেন। এছাড়া প্রকাশ্যে ট্রাক থামিয়ে নিয়মিত পুলিশের টাকা আদায় এলাকার মানুষের মধ্যে ক্ষোভ বাড়ায়। উল্লেখ্য, পুলিশের উপর হামলা বা গাড়ীর ক্ষতি করার অপরাধে কাউকে গ্রেপ্তার না করে ঐদিন সন্ধ্যায় সাগরদীঘি থানায় ভারপ্রাপ্ত মহকুমা পুলিশ প্রশাসকের উপস্থিতিতে উভয়ের মধ্যে একটা সমঝোতা হয়ে যায় বলে খবর।

### কলেজ প্রেসিডেন্ট থাকছেন না ( ১ম পৃষ্ঠার পর )

দায়িত্ব দিয়েছেন। ইউনিভার্সিটি থেকে যদি কোন নির্দেশ আসে বা শিক্ষাগত যোগ্যতার প্রশ্ন ওঠে তখন নিশ্চয় ভেবে দেখবো। তবে এখন পর্যন্ত কোন নির্দেশ কলেজে এসেছে বলে আমার জানা নেই। নির্ভরযোগ্য সূত্রে খবর, কল্যাণী বিশ্ববিদ্যালয় এ্যাক্ট, ১৯৮১ অনুযায়ী ( W. B. Govt. Act XI of 1981 ) কোন বিশিষ্ট শিক্ষাবিদ অথবা উল্লেখযোগ্য বৃত্তিজীবী অথবা উচ্চতর অভিজ্ঞ প্রশাসক ছাড়া কেউ কলেজ গভর্নিং বডির সভাপতি থাকতে পারবেন না।

### কংগ্রেস কর্মীর মর্মান্তিক মৃত্যু ( ১ম পৃষ্ঠার পর )

সূত্রে জানা যায়, পার্শ্ববর্তী বেলুইপাড়া গ্রামে সি পি এমের সঙ্গে সংঘর্ষের প্রয়োজনেই ঐ সব বোমা তৈরী হচ্ছিল।

সকলকে সাদরে আমন্ত্রণ জানাই—
মির্জাপুরের একমাত্র ঐতিহ্যবাহী প্রতিষ্ঠান
বাঘিড়া সরমা এণ্ড সন্স



আর কোথাও না গিয়ে আমাদের প্রতিষ্ঠানে আসুন। এখানে উৎকৃষ্ট মানের মুর্শিদাবাদ প্রিন্ট শাড়ী, গরদ, কোরিয়াল, জাকার্ড, জামদানী, তসর, কাঁথাষ্টিচ সুলভ মূল্যে পাওয়া যায়। এ ছাড়া শান্তিপুর, ফুলিয়া নবদ্বীপের তাঁতের শাড়ী ও মাদ্রাজের লুঙ্গিও পাওয়া যায়।

গ্রাম মির্জাপুর, পোঃ গনকর, জেলা মুর্শিদাবাদ
ফোন ঃ এসটিডি ০৩৪৮৩/৬২০৬০
প্রোঃ উত্তম বাঘিড়া ও লক্ষ্মী বাঘিড়া



আর কোথাও না গিয়ে আমাদের এখানে অফুরন্ত সমস্ত রকম সিল্ক শাড়ী, কাঁথা ষ্টিচ করার জন্য তসর থান, কোরিয়াল, জামদানী জোড়, পাঞ্জাবীর কাপড়, তসর ও গরদের ব্লাউজ পিসসহ ছাপা শাড়ী, মুর্শিদাবাদ পিওর সিল্কের প্রিন্টেড শাড়ীর নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
উচ্চ মান ও ন্যায্য মূল্যের জন্য পরীক্ষা প্রার্থনীয়।

বাঘিড়া ননী এণ্ড সন্স
( বিজয় বাঘিড়া, শেষের ঘর )
মির্জাপুর ।। গনকর
ফোন নং ঃ গনকর ৬২০২৯ (এসটিডি ০৩৪৮৩)

দাদাঠাকুর প্রেস এণ্ড পাবলিকেশন, চাউলপট্টি, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ), পিন-৭৪২২২৫ হইতে সত্ত্বাধিকারী অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।